

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৩০

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ আমরা যে ব্যক্তির কথা বর্ণনা করলাম, তার জন্য জান্নাত ওয়াজিব হবে যখন সে ব্যক্তি ঐ মুসিবতে সাওয়াবের আশা করবে; সেই ব্যক্তি ঐ প্রতিদান পাবে না, যে ব্যক্তি আল্লাহর ফায়সালার প্রতি অসম্ভষ্ট থাকে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْجَنَّةَ إِنَّمَا تَجِبُ لِمَنْ وَصَفْنَا إِذَا احْتَسَبَ فِي تِلْكَ الْمُصِيبَةِ دُونَ الْمُتَسَخِّطِ فيمَا قَضَى اللَّهُ

আরবী

2930 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدَةَ قَالَ: حَدَّثَنَا سُهَيْلُ بْنُ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ نِسْوَةَ مِنَ الدَّرَاوَرْدِيُّ قَالَ: حَدَّثَنَا سُهَيْلُ بْنُ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ نِسْوَةَ مِنَ الْأَنْصَارِ قُلْنَ لَهُ: يَا رَسُولَ اللَّهِ إِنَّا لَا نَسْتَطِيعُ أَنْ نَأْتِيكَ مَعَ الرِّجَالِ فَقَالَ رَسُولُ اللَّهِ الْأَنْصَارِ قُلْنَ لَهُ: يَا رَسُولَ اللَّهِ إِنَّا لَا نَسْتَطِيعُ أَنْ نَأْتِيكَ مَعَ الرِّجَالِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (موعدُكُنَّ بَيْتُ فُلَانَة) فَجَاءَ فتحدَّث مَعَهُنَّ ثُمَّ قَالَ: (لَا يَمُوتُ لِإِحْدَاكُنَّ ثَلَاثَةٌ مِنَ الْوَلَدِ فَتَحْتَسِبُهُ إِلَّا دَخَلَتِ الْجَنَّة) فَقَالَتِ امْرَأَةٌ مِنْهُنَّ: وَاثْنَتَيْنِ يَا لِالله؟ قال:(واثنتين)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2930 | خلاصة حكم المحدث:. صحيح ـ ((الصحيحة)) (2302 و 2302)، ((التعليق الرغيب)) (3/ 90): م.

বাংলা

২৯৩০. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আনসারী কিছু নারী রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আমরা তো পুরুষদের সাথে আপনার কাছে আসতে পারি না!" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "তোমাদের জন্য নির্ধারিত জায়গা হলো ওমুক মহিলার বাড়ি।"

তারপর তিনি এসে তাদের কাছে হাদীস বর্ণনা করেন। তিনি বলেন, "যদি তোমাদের কারো তিনজন সন্তান মারা



যায়, অতঃপর সে ধৈর্য ধারণ করে, তবে সে জান্নাতে প্রবেশ করবে।" তখন তাদের একজন বললো, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, যদি দুইজন মারা যায়?" জবাবে তিনি বলেন, "দুইজন মারা গেলেও।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩৭৮; সহীহ মুসলিম: ২৬৩২; সুনান বাইহাকী: ৪/৬৭।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৩০২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন